# দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ- ১৯৮২

রেজিষ্টার্ড নং ডিএ-১

বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

৭ই সেপ্টেম্বর ১৯৮২, মঙ্গলবার

*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার*

*আইন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়*

*(আইন ও সংসদীয় বিভাগ)*

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ই সেপ্টেম্বর ১৯৮২

নং-৫৩৬-Pub.- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধান সামরিক আইন প্রশাসক কর্তৃক ৩রা সেপ্টেম্বর ১৯৮২ তারিখে প্রণীত নিম্নোরূপ অধ্যাদেশটি সাধারণের অবগতির জন্য এতদ্দ্বারা প্রকাশিত হইলঃ-

The Bangldesh Veterinary Practitioners Ordinance, 1982 (দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ-১৯৮২), অধ্যাদেশ নং XXX of 1982.

## এই অধ্যাদেশ

বাংলাদেশের ভেটেরিনারিয়ানদের পরিচালনা, নিয়ন্ত্রণ ও নিবন্ধন এবং একটি ভেটেরিনারি কাউন্সিল গঠন ও এতদ্‌সংক্রান্ত বিষয়ে বিধান প্রণয়নের নিমিত্ত প্রণীত।

যেহেতু বাংলাদেশে ভেটেরিনারিয়ানদের পরিচালনা, নিয়ন্ত্রণ ও নিবন্ধন এবং একটি ভেটেরিনারি কাউন্সিল গঠন ও এতদ্‌সংক্রান্ত বিষয়ে বিধান প্রণয়ন করা প্রয়োজন;

সেহেতু বর্তমানে ১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষনা অনুসারে এবং এতদ্‌সংক্রান্ত সকল ক্ষমতাবলে প্রধান সামরিক আইন প্রশাসক আনন্দের সহিত নিম্নোক্ত অধ্যাদেশ প্রণয়ন ও ঘোষনা করিলেনঃ-

**১. সংক্ষিপ্ত শিরোনামা :** এই অধ্যাদেশ **"দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ- ১৯৮২"** নামে অভিহিত হইবে।

**২. সংজ্ঞা :** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই অধ্যাদেশে,-

(ক) **"কাউন্সিল"** বলিতে এই অধ্যাদেশ মতে গঠিত বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলকে বুঝাইবে;

(খ) **"সদস্য"** বলিতে এই কাউন্সিলের সদস্যকে বুঝাইবে;

(গ) **"নির্দিষ্ট"** বলিতে এই অধ্যাদেশ মতে প্রণীত প্রবিধান দ্বারা নির্দিষ্টকে বুঝাইবে;

(ঘ) **"সভাপতি"** বলিতে কাউন্সিলের প্রেসিডেন্টকে বুঝাইবে;

(ঙ) **"স্বীকৃত ভেটেরিনারি বিষয়ক যোগ্যতা"** বলিতে তফসীলভুক্ত ভেটেরিনারি বিষয়ক যে কোন যোগ্যতাকে বুঝাইবে;

(চ) **“নিবন্ধন বহি (রেজিষ্টার)”** বলিতে এই অধ্যাদেশের আওতায় সংরক্ষিত ভেটেরিনারিয়ানদের নিবন্ধন বহি বা রেজিষ্টারকে বুঝাইবে;

(ছ) **“নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ান”** বলিতে ঐ ব্যক্তিকে বুঝাইবে যাঁহার নাম অন্য কোন ব্যবস্থা গৃহীত না হওয়া পর্যন্ত নিবন্ধনভুক্ত হইবে;

(জ) **“রেজিষ্ট্রার”** বলিতে ঐ ব্যক্তিকে বুঝাইবে যিনি কাউন্সিল কর্তৃক রেজিষ্ট্রার হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(ঝ) **“ভেটেরিনারি প্রতিষ্ঠান”** বলিতে ঐ প্রতিষ্ঠানকে বুঝাইবে যে প্রতিষ্ঠান ভেটেরিনারি বিজ্ঞানে প্রশিক্ষণ কিংবা ডিগ্রি, ডিপ্লোমা বা লাইসেন্স প্রদান করিবে, অথবা প্রশিক্ষণ ও ডিগ্রি, ডিপ্লোমা বা লাইসেন্স দুই-ই প্রদান করিবে।

৩. **কাউন্সিল গঠন ঃ** (১) নিম্নোক্ত সদস্যবৃন্দের সমন্বয়ে একটি কাউন্সিল গঠিত হইবে, যাঁহারা হইবেনঃ-

(ক) পরিচালক, পশুপালন সেবা, পদাধিকারবলে;

(খ) বাংলাদেশের প্রত্যেক প্রশাসনিক বিভাগ হইতে একজন করিয়া নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ান, যিনি নির্দিষ্ট উপায়ে নির্বাচিত হইবেন;

এই শর্তে যে, এই দফামতে কোন বিভাগ হইতে যদি কোন নিবন্ধিত ভেটেরিনারিয়ান নির্বাচিত না হয় সেই ক্ষেত্রে সভাপতি এইরূপ একজন নিবন্ধিত ভেটেরিনারিয়ান মনোনীত করিবার ক্ষমতা থাকিবে;

(গ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত একজন নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ান;

(ঘ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি বিজ্ঞান অনুষদের ডীন, পদাধিকারবলে;

(ঙ) বাংলাদেশ ভেটেরিনারি এসোসিয়েশন-এর সভাপতি, পদাধিকারবলে;

(চ) আইন পেশায় নিয়োজিত একজন সদস্য, যিনি বাংলাদেশের প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত হইবেন; এবং

(ছ) ভেটেরিনারি বিষয়ে স্বীকৃত যোগ্যতাসম্পন্ন প্রতিরক্ষা বাহিনীর একজন সদস্য, যিনি বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক মনোনীত হইবেন;

এই শর্তে যে, প্রথমবার কাউন্সিল গঠনের জন্য পদাধিকারবলে নির্ধারিত সদস্যগণ ব্যতীত অন্য সকল সদস্য সরকার কর্তৃক মনোনীত হইবেন।

(২) সদস্যবৃন্দ তাঁহাদের মধ্য হইতে একজন সভাপতি নির্বাচন করিবেন; তবে, প্রথমবার কাউন্সিল গঠনের জন্য সভাপতি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন।

**৪. কাউন্সিল সাঙ্গীকরণ**

এই কাউন্সিল বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল নামে একটি যৌথসংস্থা (Body Corporate) হইবে, যাহার স্থায়ী উত্তরাধিকার ও স্থাবর অস্থাবর সম্পত্তি ভোগ-দখল করিবার জন্য একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই নামে ইহার পক্ষে বিপক্ষে মামলা পরিচালনা করা যাইবে।

**৫. পদের মেয়াদ**

(১) সভাপতি অনধিক চার বৎসরের জন্য তাঁহার পদে বহাল থাকিবেন। সভাপতির মেয়াদ পূর্ণ হওয়ার পর তাহার মেয়াদ আর বৃদ্ধি করা হইবে না, তবে তিনি পুনর্নির্বাচনের যোগ্য থাকিবেন।

(২) কাউন্সিল পুনর্গঠনের পর যে দিন প্রথম সভা অনুষ্ঠিত হইবে সেই দিনই সভাপতি তাঁহার দায়িত্ব ছাড়িয়া দিবেন বলিয়া মনে করা হইবে।

(৩) সভাপতি সরকারের নিকট লিখিত আবেদনের মাধ্যমে পদত্যাগ করিতে পারিবেন এবং সরকার কর্তৃক তাঁহার পদত্যাগপত্র গৃহীত হইলে তিনি তাঁহার দায়িত্ব ছাড়িয়া দিবেন বলিয়া মনে করা হইবে।

(৪) পদাধিকারবলে দায়িত্বপ্রাপ্ত সদস্য ব্যতীত একজন সদস্য তাঁহার মনোয়নের তারিখে হইতে চার বৎসরের জন্য, অথবা ক্ষেত্র বিশেষে নির্বাচন বা তাঁহার পরবর্তী সদস্য মনোনীত বা নির্বাচিত হওয়ার পূর্ব পর্যন্ত দায়িত্ব পালন করিবেন।

(৫) একজন সদস্য পুনর্নির্বাচন,অথবা ক্ষেত্রবিশেষে পুনর্মনোয়নের যোগ্য থাকিবেন।

(৬) পদাধিকারবলে দায়িত্ব প্রাপ্ত সদস্য ব্যতীত একজন সদস্য তাঁহার দায়িত্ব ছাড়িয়া দিতে পারিবেন যদি তিনি-

(ক) সভাপতির নিকট পদত্যাগপত্র দাখিল করেন এবং সভাপতি যদি পদত্যাগপত্র গ্রহণ করিয়া থাকেন;

(খ) কাউন্সিল অনুমোদিত ছুটি ছাড়াই কাউন্সিলের তিনটি সভায় পরপর উপস্থিত থাকিতে ব্যর্থ হইয়া থাকেন;

(গ) এক বৎসর ছয় মাসের অধিককাল বাংলাদেশের বাহিরে অবস্থান করিয়া থাকেন;

(ঘ) যে বিশেষ স্বার্থ সংরক্ষণ করিবার জন্য তিনি নির্বাচিত অথবা ক্ষেত্র বিশেষে মনোনীত হইয়াছেন তাহা করিতে বিরত থাকেন।

(৭) মৃত্যু, পদত্যাগ, অপসারণ কিংবা অন্য কোন কারণে সভাপতিসহ সদস্যের পদ যদি আকস্মিকভাবে শূন্য হইয়া পড়ে তাহা হইলে নির্বাচন, অথবা ক্ষেত্র বিশেষে, মনোনয়নের মাধ্যমে তাহা পূরণ করিতে হইবে এবং এইভাবে নির্বাচিত বা মনোনীত ব্যক্তি তাঁহার পূর্বসূরীর অসমাপ্ত মেয়াদকাল পর্যন্ত দায়িত্ব পালন করিবেন।

**৬. কাউন্সিল সভা**

(১) বৎসরে কমপক্ষে দুইবার নির্ধারিত সময়ে ও নির্ধারিত স্থানে কাউন্সিলের সভা অনুষ্ঠিত হইবে এবং তাহা নির্দেশিত উপায়ে আহ্বান করা হইবে:

এই শর্তে যে, প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সভাপতি প্রত্যেক সদস্যের নিকট বিজ্ঞপ্তি পাঠাইয়া কাউন্সিলের সভা আহ্বান করিতে পারিবেন।

(২) কাউন্সিলের সভার কোরাম পূরণের জন্য কমপক্ষে পাঁচজন সদস্যের সভায় উপস্থিত থাকিতে হইবে।

(৩) কাউন্সিলের সভায় সভাপতি এবং তাহার অনুপস্থিতিতে এমন একজন সদস্য সভায় সভাপতি নির্বাচিত হইবেন যিনি একজন নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ান হইবেন।

(৪) কাউন্সিলের সভার সকল প্রশ্ন উপস্থিত সদস্যবৃন্দের সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে নিষ্পন্ন করা হইবে, দুই পক্ষে সমান ভোট পড়িলে সেই ক্ষেত্রে সভাপতির সমর্থন বা ভোটের মাধ্যমে তাহা নিষ্পন্ন করা হইবে।

(৫) কাউন্সিল প্রণীত কোন আইন কেবল কোন পদের শূন্যতা বা কাউন্সিল গঠনে কোন ত্রুটির কারণে অসিদ্ধ হইবে না।

**৭. কর্মকর্তা, নিয়োগ ইত্যাদি**

(১) কাউন্সিল প্রয়োজন মনে করিলে যে সকল শর্ত নির্ধারিত হইতে পারে সেই শর্ত সমূহ সাপেক্ষে একজন রেজিষ্ট্রার ও অনুরূপ কর্মকর্তা-কর্মচারীর নিয়োগ প্রদান করিবে।

(২) রেজিষ্ট্রার কাউন্সিলের সেক্রেটারী/সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন এবং কোষাধ্যক্ষ হিসাবে কাউকে নিয়োগ না দেওয়া পর্যন্ত তিনি কোষাধ্যক্ষেরও দায়িত্ব পালন করিবেন।

(৩) এই ধারার আওতায় নিয়োগ প্রাপ্ত সকল ব্যক্তি দন্ডবিধির (Act X LV of 1960) ২১ এর অর্থ অনুযায়ী সরকারি কর্মচারী হিসাবে গণ্য হইবেন।

**৮. কাউন্সিলের তহবিল**

(১) কাউন্সিলের একটি তহবিল থাকিবে যাহাতে জমা হইবে-

(ক) সরকারি মঞ্জুরি ও ঋণের অর্থ;

(খ) নিবন্ধন ও অন্যান্য ফি;

(গ) বিনিয়োগ ও সম্পত্তির আয়;

(ঘ) সরকারের পূর্ব অনুমোদনক্রমে অন্য দেশ হইতে প্রাপ্ত অর্থ-সাহায্য ও সহায়তা (যদি থাকে)।

(২) কাউন্সিলের তহবিল কাউন্সিলের কার্যক্রম সংক্রান্ত ব্যয় নির্বাহ এবং তাহার কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও ভাতাদি প্রদানে ব্যয়িত হইবে।

(৩) কাউন্সিলের অর্থ কাউন্সিল কর্তৃক অনুমোদিত ব্যাংক বা ব্যাংক সমূহে জমা রাখিতে হইবে।

(৪) কাউন্সিল সরকার অনুমোদিত নিরাপদ বিনিয়োগের ক্ষেত্রসমূহে (securities) তাহার অর্থ বিনিয়োগ করিতে পারিবে।

**৯. হিসাব ও অডিট**

(১) কাউন্সিল তাহার প্রাপ্ত ও ব্যয়িত সকল অর্থের নিয়মিত হিসাব সংরক্ষণ করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাবরক্ষক ও নিরীক্ষক (Comptroller and Auditor-General) কর্তৃক প্রতি বৎসর এই হিসাব নিরীক্ষিত হইবে। এই ধারায় বর্ণনার সুবিধার্থে বাংলাদেশের মহা-হিসাবরক্ষক ও নিরীক্ষক (Comptroller and Auditor-General) কে মহা-হিসাব নিরীক্ষক (Auditor-General) বলিয়া উল্লেখ করা হইবে।

(৩) উপধারা (২) এর আওতায় অডিট করিবার উদ্দেশ্যে মহা হিসাব নিরীক্ষক বা তাঁহার পক্ষে তাঁহার প্রাধিকৃত ব্যক্তি কাউন্সিলের সকল রেকর্ড, বহি, দলিল, নগদ–অর্থ, নিরাপদ-বিনিয়োগ (Securities) ও অন্যান্য সম্পত্তি সম্পর্কে অবগত হইবেন এবং কাউন্সিলের প্রেসিডেন্ট কিংবা কোন সদস্য বা কর্মকর্তা বা কর্মচারীকে পরীক্ষা করিবেন।

(৪) মহা-হিসাব নিরীক্ষক অডিট শেষ হওয়ার পর যত শীঘ্র সম্ভব তাঁহার অডিট-রির্পোট কাউন্সিলের নিকট পেশ করিবেন এবং কাউন্সিল রিপোর্টটি সরকারের নিকট পেশ করিবে।

(৫) অডিট রিপোর্টে কোন ত্রুটি বা অসঙ্গতি নির্দেশিত হইলে কাউন্সিল তাহা নিষ্পত্তির জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করিবে।

**১০. ভেটেরিনারিয়ানদের নিবন্ধন**

(১) কাউন্সিল গঠিত হওয়ার পরপরই কাউন্সিল যত শীঘ্র সম্ভব ভেটেরিনারিয়ানদের নিবন্ধনের ব্যবস্থা করিবে,এবং সেই উদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন এবং অন্তত দুইটি বহুল প্রচারিত সংবাদপত্রে- একটি বাংলা ও একটি ইংরেজি সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে নিবন্ধনের তারিখ নির্ধারণ করিয়া দিবে, যাহার মধ্যে ভেটেরিনারি বিষয়ক স্বীকৃত যোগ্যতাসম্পন্ন ভেটেরিনারিয়ানগণ তাঁহাদের নাম নিবন্ধনের জন্য আবেদন করিবেন।

(২) এই অধ্যাদেশের আওতায় নিবন্ধনভুক্ত সকল ভেটেরিনারিয়ানের নাম, ঠিকানা, ভেটেরিনারি চিকিৎসা বিষয়ক স্বীকৃত যোগ্যতা ও যোগ্যতা অর্জনের তারিখ এবং নিবন্ধনের তারিখ কাউন্সিলের নিবন্ধন বহিতে লিপিবদ্ধ থাকিবে।

**১১. নিবন্ধন বহি নিয়ন্ত্রণ ও সংরক্ষণ**

(১) রেজিষ্ট্রার নির্ধারিত আকারের নিবন্ধন বহি নির্দিষ্ট উপায়ে সংরক্ষণ করিবেন এবং কাউন্সিলের নির্দেশ অনুযায়ী বিভিন্ন সময়ে নতুন নাম অন্তর্ভুক্ত করিবেন এবং অন্তর্ভুক্ত তথ্যের ভুল সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধন করিবেন।

(২) রেজিষ্ট্রার উপধারা (১) এর অধীনে তাঁহার উপর অর্পিত দায়িত্ব পালনের লক্ষ্যে নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ান বা নিবন্ধনের জন্য আবেদনকারী ভেটেরিনারিয়ানের নিকট হইতে তাঁহার প্রয়োজন হইতে পারে এমন তথ্য চাহিতে পারেন।

**১২. নিবন্ধনের জন্য যোগ্য ব্যক্তি**

(১) ভেটেরিনারি বিষয়ে স্বীকৃত যোগ্যতাসম্পন্ন প্রতিটি ব্যক্তি এই অধ্যাদেশে বর্ণিত বিধান অনুযায়ী নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে নিবন্ধন বহিতে তাঁহার নাম অন্তর্ভুক্তির জন্য কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপধারা (১) এর আওতায় আবেদনকারী প্রত্যেক ব্যক্তি:-

(ক) কাউন্সিলকে এই মর্মে নিশ্চিত করিবেন যে, তিনি ভেটেরিনারি চিকিৎসা বিষয়ে স্বীকৃত যোগ্যতার অধিকারী;

(খ) তাঁহার আবেদনপত্রে যে যোগ্যতাবলে তিনি নিবন্ধন পাওয়ার অধিকারী হইয়াছেন সেই যোগ্যতা অর্জনের তারিখ উল্লেখ করিবেন; এবং

(গ) নিবন্ধনের জন্য কাউন্সিলের প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করিবেন।

**১৩.নিবন্ধনকরণ**

(১) নিবন্ধনের জন্য আবেদনকারী ব্যক্তি ভেটেরিনারি বিষয়ে স্বীকৃত যোগ্যতা অর্জন এবং নির্ধারিত ফি পরিশোধ করিয়াছেন এইমর্মে নিশ্চিত হইবার পর কাউন্সিল তাঁহার আবেদন মঞ্জুর করিবে এবং তাঁহার নাম নিবন্ধনভুক্ত করিবার জন্য রেজিষ্ট্রারকে নির্দেশ প্রদান করিবে।

(২) রেজিষ্ট্রার উক্ত ব্যক্তির নাম নিবন্ধনভুক্ত করিবার পর তাঁহাকে তাঁহার স্বাক্ষরিত এবং সভাপতির প্রতিস্বাক্ষরিত একটি নিবন্ধন সনদ প্রদান করিবেন।

(৩) কাউন্সিল সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর সুযোগদানের পর ঐ ব্যক্তির নিবন্ধন অনুমোদন, প্রত্যাখ্যান কিংবা নাম নিবন্ধন বাতিল করিবেন যদি তিনি-

(ক) চারিত্রিক অধঃপতনজনিত কোন ত্রুটির কারণে আদালতে অভিযুক্ত হইয়া থাকেন;

(খ) পেশাগত দায়িত্বপালন করিতে গিয়া কলঙ্কজনক কোন আচরণে দোষী সাব্যস্ত হইয়া থাকেন।

(৪) কাউন্সিল তাহার নিজস্ব প্রস্তাব গ্রহনের মাধ্যমে কিংবা কোন ব্যক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর সুযোগ প্রদানের পর নির্দেশ দান করিবে-

(ক) কোন ভুলের সংশোধনের জন্য, নিবন্ধন বহিতে কোন সংশোধনী বা ভুক্তির জন্য;

(খ) প্রতারণামূলক নিবন্ধন বা তাহার কার্যকারিতা বাতিল করিবার জন্য।

(৫) এই অধ্যাদেশের আওতায় কোন নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ানের নাম কোন কারণে বাদ পড়িলে কাউন্সিল তাহার নিজস্ব প্রস্তাব গ্রহনের মাধ্যমে অথবা সংশ্লিষ্ট ভেটেরিনারিয়ানের আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁহার নাম পুনরায় রেজিষ্টারে নিবন্ধিত করিতে পারিবে।

(৬) রেজিষ্ট্রার রেজিষ্ট্রি ডাকে প্রেরিত পত্রের মাধ্যমে ভেটেরিনারিয়ান নিবন্ধন, নিবন্ধন বাতিলের কোন সংশোধনী কিংবা রেজিষ্টারে তাঁহার নাম পুনর্ভুক্তির বিষয়ে অবহিত করিবেন।

(৭) যদি কোন ব্যক্তি যে যোগ্যতাবলে তাঁহার নাম নিবন্ধন বহিতে নিবন্ধিত হইয়াছে সেই যোগ্যতা ছাড়াও ভেটেরিনারি বিজ্ঞানে স্বীকৃত অন্য কোন যোগ্যতা অর্জন করিয়া থাকেন, তাহা হইলে তিনি নির্ধারিত ফি পরিশোধের মাধ্যমে নিবন্ধন বহিতে পূর্বে নিবন্ধিত তাঁহার নামের পার্শ্বে উক্ত যোগ্যতা তাঁহার বিকল্প বা অতিরিক্ত যোগ্যতা হিসাবে অন্তর্ভূক্তির জন্য প্রাধিকারপ্রাপ্ত হইবেন।

**১৪. আপিল**

যদি কোন ব্যক্তি তাঁহার নাম নিবন্ধনভুক্ত করিতে কাউন্সিলের অস্বীকৃতি বা তাঁহার নামের নিবন্ধন বাতিল কিংবা নিবন্ধন বহিতে কোন ভুক্তির সংশোধন বা বাতিলের নির্দেশ সংক্রান্ত সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, তাহা হইলে তিনি এইরূপ সিদ্ধান্ত গ্রহনের তারিখ হইতে ষাট দিনের মধ্যে যে কোন সময় নির্ধারিত ফি পরিশোধ করিয়া সরকারের নিকট আপিল করিতে পারিবেন এবং সরকারের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**১৫. তফসীল সংশোধন**

সরকার কাউন্সিলের সহিত পরামর্শ করিয়া যথার্থ মনে করিলে সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে কোন ভেটেরিনারি শিক্ষা-প্রতিষ্ঠান অনুমোদিত ভেটেরিনারি চিকিৎসা বিষয়ক কোন যোগ্যতা অন্তর্ভুক্ত করিবার কিংবা বাদ দেওয়ার বিষয়ে তফসীল সংশোধন করিতে পারিবে।

**১৬. তথ্য প্রাপ্তির ক্ষমতা**

কাউন্সিল বাংলাদেশের যে কোন ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে উক্ত প্রতিষ্ঠান প্রদত্ত ডিগ্রি, ডিপ্লোমা বা লাইসেন্স এর কোন কোর্স ও পরীক্ষা সম্পর্কিত প্রয়োজনীয় কোন তথ্য, কোর্স করার নূন্যতম বয়স, ডিগ্রি, ডিপ্লোমা বা লাইসেন্স প্রাপ্তির পূর্বে প্রয়োজনীয় পরীক্ষা এবং সাধারণভাবে ডিগ্রি, ডিপ্লোমা বা লাইসেন্স অর্জনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা সংক্রান্ত তথ্য প্রদান করিতে বলিবার ক্ষমতা থাকিবে।

**১৭. মৃত্যুর নোটিশ এবং নিবন্ধন বহি হইতে নাম বাদ দেওয়া**

নিবন্ধনভুক্ত কোন ভেটেরিনারিয়ানের মৃত্যু হইলে রেজিষ্ট্রার, যথাযথ তদন্তের পর নিশ্চিত হইয়া নিবন্ধন বহি হইতে মৃত ব্যক্তির নাম কাটিয়া দিবেন।

**১৮. নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ানদের ভুক্তি তালিকার সম্ভাব্যতা ও তাহার প্রকাশ**

(১) রেজিষ্ট্রার প্রতি চার বৎসর অন্তর একবার নির্ধারিত সময়ে বা তাহার পূর্বে নিবন্ধনভুক্ত সকল ব্যক্তির ঠিকানা, ভেটেরিনারি বিষয়ে স্বীকৃত যোগ্যতা ও যোগ্যতা অর্জনের তারিখ সহ নিবন্ধন বহির অন্তর্ভুক্ত নামের তালিকা বর্ণানুক্রমিকভাবে সরকারি গেজেট-এ প্রকাশের ব্যবস্থা গ্রহন করিবে।

(২) রেজিষ্ট্রার প্রতি বৎসর জানুয়ারি মাসে উপধারা (১) এর আওতায় সরকারি গেজেট-এ প্রকাশিত তালিকার সহিত নিবন্ধন বহিতে পূর্ববর্তী বৎসরের সংযুক্তি, পরিবর্তন বা সংশোধনী সম্বলিতভুক্তি সমূহের একটি সম্পূরকপত্র প্রকাশের ব্যবস্থা গ্রহন করিবে।

(৩) The Evidence Act, 1872(1 of 1872) অনুসারে নিবন্ধন বহি সরকারি দলিল বলিয়া গণ্য হইবে।

**১৯. নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ানের দায়িত্ব**

(১ নিবন্ধনভুক্ত প্রত্যেক ভেটেরিনারিয়ান তাঁহার ঠিকানা পরিবর্তন হইলে পরিবর্তনের ষাট দিনের ভিতরে কাউন্সিলকে অবহিত করিবেন এবং এই বিষয়টি অবহিত হইবার পর রেজিষ্ট্রার নিবন্ধন বহিতে প্রয়োজনীয় সংশোধন করিয়া লইবেন।

(২) নিবন্ধনভুক্ত কোন ভেটেরিনারিয়ান বাংলাদেশে কিংবা বাংলাদেশের বাহিরে আইনত বৈধভাবে প্রতিষ্ঠিত কোন কর্তৃপক্ষের প্রদত্ত ডিগ্রি ছাড়া অন্য কোন পেশাগত যোগ্যতার চেয়ে তিনি উচ্চতর কোন যোগ্যতা অর্জন করিয়াছেন এই মর্মে কোন নাম, পদবির বিবরণ কিংবা কোন প্রতীক ব্যবহার বা প্রকাশ করিবেন না।

**২০. নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ানের বিশেষাধিকার**

(১) সাময়িকভাবে বলবৎ অন্য যে কোন আইনের ক্ষেত্রে বিপরীত কোন বিষয় অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ান ব্যতীত অন্য কোন ব্যক্তি সরকারি কিংবা স্থানীয় কোন কর্তৃপক্ষের সহায়তায় পরিচালিত ভেটেরিনারি প্রতিষ্ঠান, হাসপাতাল, ডিসপেনসারি কিংবা পশুবধস্থানে ভেটেরিনারি বিষয়ক কোন নিয়োগ পাইবার যোগ্য বলিয়া গণ্য হইবেন না।

(২) সাময়িকভাবে বলবৎ অন্য কোন আইনের ক্ষেত্রে বিপরীত কোন বিষয় অন্তর্ভুক্ত থাকা সত্বেও এইরূপ কোন আইনের আওতায় প্রয়োজনীয় কোন সনদপত্র নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ান ছাড়া অন্য কোন ভেটেরিনারিয়ান কর্তৃক স্বাক্ষরিত হইলে তাহা আইনসিদ্ধ হইবে না।

(৩) কোন ব্যক্তি যদি প্রমাণ করিতে না পারেন যে, তিনি যথাযথ নিবন্ধনভুক্ত একজন ভেটেরিনারিয়ান তাহা হইলে তিনি কোন আদালতের মাধ্যমে কোন ভেটেরিনারি সেবা বা পরিচর্যা কিংবা কোন অস্ত্রোপচার অথবা সরবরাহকৃত কোন ঔষধের জন্য কোন ফি বা মূল্য আদায় করিবার প্রাধিকারপ্রাপ্ত হইবেন না।

**২১. অধ্যাদেশের আওতায় নিবন্ধনভুক্ত নয় এমন ব্যক্তির ভেটেরিনারি পেশা গ্রহন না করা**

(১) সাময়িকভাবে বলবৎ অন্য যে কোন আইনের ক্ষেত্রে বিপরীত কোন বিষয় অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও নিবন্ধনভুক্ত ভেটেরিনারিয়ান ব্যতীত অন্য কোন ব্যক্তি ভেটেরিনারি চিকিৎসা কিংবা ভেটেরিনারি শৈল্য চিকিৎসার পেশা গ্রহন করিবেন না।

(২) সরকারী গেজেট-এ প্রকাশিত কাউন্সিলের এতদ্‌সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত তারিখের পর কোন ব্যক্তি উপধারা (১) এর বিধান লজ্মন করিলে তিনি জরিমানাসহ সাজাপ্রাপ্ত হইবেন, যাহাতে জরিমানের পরিমাণ পাঁচশত টাকা পর্যন্ত বর্ধিত হইতে পারে।

(৩) উপধারা (১)-এর বিধানসমূহ এমন কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না যিনি নিম্নোক্ত যে কোন একটি কাজ করিবে, যথাঃ-

(ক) কোন পশুর জীবন রক্ষা বা ব্যথা নিরাময়ের লক্ষ্যে কোন প্রাথমিক সহায়তা প্রদান;

(খ) ব্যথাবিহীন পদ্ধতিতে কোন প্রাণীর বিনাশসাধন;

(গ) কোন পশু বা হাঁস মুরগি বা পাখি খাসি করা;

(ঘ) চোখ ফোটার আগেই গবাদিপশু বা কুকুরের লেজ কর্তন;

(ঙ) চোখ ফোটার আগেই কুকুরের পায়ের তিক্ষ্ণ নখর কর্তন;

(চ) কোন পশু, হাঁস-মুরগি বা পাখির টিকাদান।

**২২. তদন্ত কাজ**

এই অধ্যাদেশের আওতায় যে কোন তদন্তের ক্ষেত্রে Evidence Act, 1872 অনুসারে কাউন্সিলকে আদালত হিসাবে গণ্য করিতে হইবে এবং কাউন্সিল The Public Servant's (Inquiries) Act, 1850 (XXXVII of 1850) এর আওতায় নিযুক্ত একজন কমিশনারের সকল ক্ষমতার অনুশীলন করিবে।

**২৩. নিরাপত্তা প্রতিবিধান**

এই অধ্যাদেশের আওতায় সৎ উদ্দেশ্যে সম্পাদিত কিংবা সম্পাদনের উদ্দেশ্যে গৃহীত কোন কিছুর জন্য কাউন্সিল বা তাহার কোন কর্মকর্তা অথবা কর্মচারীর বিরুদ্ধে কোন মামলা, অভিযোগ বা অন্য কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

**২৪. প্রবিধান প্রণয়নের ক্ষমতা-** কাউন্সিল সরকারের পূর্ব অনুমতিক্রমে এই অধ্যাদেশের বিধান কার্যকর করিবার লক্ষ্যে প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

## তফসীল

(২ (ঙ) ও ১৫ ধারা দেখুন)

**পর্যায় ক- ভেটেরিনারি বিজ্ঞান বিষয়ে ডিগ্রি**

১. ঢাকা বিশ্ববিদ্যালয়ের পশুপালন বিষয়ের স্নাতক।

২. ঢাকা বিশ্ব বিদ্যালয়ের ভেটেরিনারি বিজ্ঞান ও পশুপালন বিষয়ের স্নাতক।

৩. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি বিজ্ঞান ও পশুপালন বিষয়ের স্নাতক।

৪. বাংলাদেশ কৃষি বিশ্ব বিদ্যালয়ের ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন বিষয়ে স্নাতক।

৫. যুক্তরাজ্যের রয়্যাল কলেজ অব ভেটেরিনারি সার্জন এর সদস্য।

**পর্যায় খ- ভেটেরিনারি বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা**

১. ভারতের কোলকাতার বেঙ্গল ভেটেরিনারি কলেজের ভেটেরিনারি বিজ্ঞান বিষয়ে স্নাতক (G.V.Sc)

২. ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি মেডিসিন ও সার্জারি বিষয়ে ডিপোমা (D.V.M.S.)

৩. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের লাইসেন্সিয়েট ভেটেরিনারি সার্জন (L.V.S.)

৪. ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইসেন্সিয়েট ভেটেরিনারি সার্জন (L.V.S.)

ঢাকা
৩রা সেপ্টেম্বর,১৯৮২

**এইচ. এম. এরশাদ এনডিসি, পিএসসি**
লেফটেন্যান্ট জেনারেল
প্রধান সামরিক আইন প্রশাসক

শামসুর রহমান
*উপসচিব*

*খন্দকার ওবায়দুল মুকতাদির, সুপারিন্টেন্ডেন্ট, বাংলাদেশ গভর্নমেন্ট প্রেস কর্তৃক মুদ্রিত। সহকারী নিয়ন্ত্রক, বাংলাদেশ ফারমস্ এন্ড পাবলিকেশন্স অফিস, ঢাকা কর্তৃক প্রকাশিত।*

**(*** পর্যায়-ক (Part-A)-এর ৪ নং তফশীল সংশোধনীর গেজেট)**

রেজিষ্টার্ড নং ডি এ -১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১০, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও পশুসম্পদ মন্ত্রনালয়
পশুসম্পদ শাখা-২

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ শে কার্তিক ১৪০৯/১০ই নভেম্বর ২০০২

নং এস. আর. ও ৩০৫-আইন/২০০২-The Bangladesh Veterinary Practitioners Ordinanc,1982 (Ord. No. XXX of 1982) এর Section 15 -এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, কাউন্সিলের সহিত পরামর্শক্রমে, উক্ত Ordinance এর Schedule এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত Ordinance এর Schedule-

(ক) এ 'Dacca' শব্দ, যেখানেই উল্লিখিত হউক না কেন এর পরিবর্তে 'Dhaka' শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) এর Part-A এর ক্রমিক নং 4 এর "Agriculture University" শব্দগুলির পরিবর্তে "Agriculture University or any other recognized Universiy of Bangladesh" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**
মোঃ সাজেদুল কাউয়ুম
সিনিয়র সহকারী সচিব।

আব্দুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৬৫৫)
মূল টাকা-১.০০